

-২-

ঢাকা ওয়াসা


- ১) ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি
- ২) ঢাকা ওয়াসা লিংক-১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগ
- ৩) উপস্থাপিত কাজের প্রাক্কলন


বিষয়ঃ “Repairing and Maintenance of Water Line Leakage at H# 471/A & H# 321 Mirhazirbagh area Under Mods Zone-1, Dhaka WASA.”- শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


১। সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মডস জোন-১ এর আওতাধীন DMA-116 এলাকা পরিদর্শনকালে ৪৭১, মীরহাজিরবাগ রোড ও ৩২১, মিয়া বাড়ি, মীরহাজিরবাগ রোড এর বেশ কিছু পয়েন্ট এ পানির লাইনে লিকেজ দেখা গেছে। বিভিন্ন সময় এলাকাবাসী দপ্তরে উপস্থিত হয়ে ও ঢাকা ওয়াসা লিংক ১৬১৬২ বিষয়ে অভিযোগ করেছেন (সংযুক্ত-১) যে, সারাদিন-ই এ লিকেজ গুলি দিয়ে প্রচুর পরিমাণ পানি বের হচ্ছে, বিশেষ করে রাতে এর মাত্রা আরও বৃদ্ধি পায়। পরিদর্শনকালে লিকেজ গুলি দিয়ে পানি বের হতে দেখা গেছে এবং রাস্তার জমা পানিতে যানবাহন ও সংশ্লিষ্ট এলাকাবাসির চলাচলে বিঘ্ন সৃষ্টি হয়েছে। আলোচ্য এলাকা সমূহ DMA-116 এর অন্তর্ভুক্ত যার O&M Period ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। ফলে, কাজটি বিভাগীয় ভাবে অত্র জোন থেকে সম্পন্ন করতে হবে। লিকেজ গুলি দিয়ে প্রচুর পরিমাণ পানি বের হচ্ছে। ফলে, ঢাকা ওয়াসা রাজস্ব হারাচ্ছে এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।


২। তাই জরুরি ভিত্তিতে লক্ষ্যে আলোচ্য কাজটি সম্পন্ন করার জন্য বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হলো (সংযুক্তি:৩)। প্রাক্কলনের টাকার পরিমাণ দাড়িয়েছে টাঃ ৪৮,৮৩৮/- (আটচল্লিশ হাজার আটশত আটত্রিশ) মাত্র। বর্ণিত কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২৬-২০২৭ অর্থ বছরের বার্ষিক রাজস্ব বাজেট এর পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত (কোড নং- 01-04-001) হতে নির্বাহ করা হবে। কাজটি অতীব জরুরি হওয়ায় পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯(ড) অনুসারে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় (DPM) সম্পন্ন করা হবে।

৩। এমতাবস্থায়, “Repairing and Maintenance of Water Line Leakage at H# 471/A & H# 321 Mirhazirbagh area Under Mods Zone-1, Dhaka WASA.” শীর্ষক কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯/(ড) অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান, আসিফ এন্টারপ্রাইজ; এর মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে- (DPM) সরাসরি চুক্তি প্রক্রিয়ার মাধ্যমে জরুরি ভিত্তিতে সম্পন্ন করার জন্য উপস্থাপিত টাঃ ৪৮,৮৩৮/- (আটচল্লিশ হাজার আটশত আটত্রিশ) মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



০৫/০৮/২৬
মোঃ সাকিব রায়হান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।


০৫/০৮/২৬
মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।


০৫-০৮-২০২৬
মোহাম্মদ তৌহিদ এলাহী
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-১, ঢাকা ওয়াসা।


০৫/০৮/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

SE MODS-1


০৫/০৮/২০২৬
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।